

Dated: 29. 05. 2018

Enclosed is the news clipping appeared in the ' Ananda Bazar Patrika,' a Bengali daily dated 29.05.2018, the news item is captioned ' মেয়েকে কটুক্তি, মার বাবাকে '

Commissioner of Police, Chandannagar Police Commissionerate is directed to enquire into the matter and to submit a report by 10th July, 2018.



(Justice Girish Chandra Gupta)
Chairperson

মেয়েকে কটুক্তি, মার বাবাকে

নিজস্ব সংবাদদাতা

উত্তরপাড়া: তিন তরুণের কটুক্তিতে ভয় পেয়ে বাবাকে ফোন করেছিল কিশোরী। বাবা ঘটনাস্থলে গিয়ে প্রতিবাদ করেছিলেন। পরে দলবল জুটিয়ে অভিযুক্তেরা মাটিতে ফেলে বেধড়ক মারল বাবাকে।

রবিবার রাতে উত্তরপাড়ার ভদ্রকালীর পালতের মাঠে একটি ক্লাবের সামনে ওই ঘটনার জেরে আতঙ্ক ছড়িয়েছে। আক্রান্ত সিদ্ধার্থ ভট্টাচার্য থানায় অভিযোগ দায়ের করেছেন। সোমবার বিকেল পর্যন্ত কেটে ধরা পড়েনি। চন্দননগরের পুলিশ কমিশনার অজয় কুমার বলেন, “থানাকে কড়া পদক্ষেপ করতে বলেছি।” পুরপ্রধান দিলীপ যাদব বলেন, “পালতের পুকুরে নানা অসামাজিক কাজের কথা কানে আসতে আলোর ব্যবস্থা করি। এর পরও এমন কেন ঘটল, খোঁজ নেবা।”

সিদ্ধার্থবাবুর মেয়ে ও তার বাস্তুবীকে রবিবার তিন তরুণ কটুক্তি করে বলে অভিযোগ। সিদ্ধার্থবাবু ধমকালে তারা পাল্টা চোটপাট করে ফিরে যায়। রাতে আইপিএল ফাইনাল দেখতে সিদ্ধার্থবাবু পাড়ার ক্লাবে যান। অভিযুক্তেরা দলবল জুটিয়ে সেখানে চড়াও হয় বলে অভিযোগ। সিদ্ধার্থবাবু বলেন, “আমি তখন একা ছিলাম। ওরা মেরে জামা ছিঁড়ে দেয়। কোমরে পর পর লাথি পড়তে থাকে। কোনও মতে বাড়ি ফিরি।”

